



বিজ্ঞান মনস্ক জাতি গঠনে প্রতিশ্রুতিবদ্ধ
জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
Website: www.nmst.gov.bd



স্মারক নং: ৩৯.০৩.০০০০.০০৫.০৬.০০৬.১৭- ২৪০৬

তারিখ: ০৫ জৈষ্ঠ ১৪২৭
১৯ মে ২০২০

২০১৯-২০ অর্থবছরে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের ইনোভেশন কার্যক্রমের আওতায় বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগসমূহের (পাইলট ও সম্প্রসারিত) প্রতিবেদন:

ক্রমিক	বিবরণ	একক	প্রতিবেদন
০১	একটি Humanoid রোবট সংগ্রহ	১টি	রাজশাহী প্রযুক্তি ও প্রকৌশল বিশ্ববিদ্যালয় (RUET) এর ইলেক্ট্রিক্যাল এন্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বিভাগের একদল তরুন উদ্ভাবকের কাছ থেকে দেশীয় প্রযুক্তিতে তৈরি একটি Humanoid রোবট সংগ্রহ করা হয়। উক্ত রোবটটি জাদুঘরে আগত দর্শনার্থীদের অভ্যর্থনা জানানোর পাশাপাশি সাধারণ জিজ্ঞাসার উত্তর প্রদানে সক্ষম।
০২	ডিজিটাল ইনফরমেশন ডেস্ক স্থাপন	২টি	জাদুঘরের দুই প্রান্তের প্রবেশমুখে স্থাপন করা হয়েছে ডিজিটাল ইনফরমেশন ডেস্ক। এর মাধ্যমে জাদুঘরে আগত দর্শনার্থীদের জাদুঘর সম্পর্কিত যে সাধারণ তথ্য প্রদান করা হয়। আগের তুলনায় অনেক কম সময়ে অল্প আয়াসে প্রয়োজনীয় তথ্য পাওয়া যায়। টাচ স্ক্রিন মনিটরের সাহায্যে বাংলা এবং ইংরেজি ভাষায় তথ্য এ সিস্টেমে উপস্থাপন করা হয়েছে।
০৩	দেশীয় প্রযুক্তির ড্রোন সংগ্রহ (তরুন উদ্ভাবকের নিকট থেকে)	১টি	বিজ্ঞান প্রেমী ছাত্রছাত্রী তথা দর্শকদের ড্রোন প্রযুক্তি সম্পর্কে ব্যবহারিক জ্ঞান দান করতে তরুন উদ্ভাবকের নিকট থেকে দেশীয় প্রযুক্তির একটি ড্রোন সংগ্রহ করা হয়। নবীন উদ্ভাবকগণকে উদ্ভাবনী কাজে অনুপ্রাণিত করতে এ সংযোজন বিশেষ ভূমিকা রেখেছে। ড্রোন পরিচালনার মৌলিক বিষয়গুলো প্রদর্শনীর মাধ্যমে দর্শক উপজীব্য করতে এ সংযোজন বিশেষ ভূমিকা পালন করে।
০৪	জাদুঘরের দুদিকের প্রবেশমুখে দৃষ্টিনন্দন একুরিয়াম স্থাপন	২টি	জলজ জীববৈচিত্রের সাথে দর্শকদের পরিচয় করিয়ে দিতে জাদুঘরের দুপ্রান্তের প্রবেশমুখে স্থাপন করা হয়েছে দুটি একুরিয়াম। দৃষ্টিনন্দন রঙিন মাছের বিচরণ একুরিয়াম দুটিকে করেছে সৌন্দর্যমন্ডিত।
০৫	F-6 বিমান আধুনিকায়ন		অনেক দিন যাবত জাদুঘর প্রাঙ্গণে প্রদর্শিত এফ-৬ যুদ্ধ বিমানটি দিন দিন সৌন্দর্য হারাচ্ছিল। ২০১৯-২০ অর্থবছরের ইনোভেশন কার্যক্রমের আওতায় বিমানটিকে আধুনিকায়নের মাধ্যমে নতুন সাজে সুসজ্জিত করা হয়। দৃষ্টিনন্দন এ বিমান এখন বিজ্ঞান জাদুঘরের অন্যতম আকর্ষণ এ পরিণত হয়েছে।
০৬	সেমিনার: সেবা সহজিকণ ও উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধি	১টি	সেবা সহজিকণ ও উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধি বিষয়ে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরে ২৪/০৬/২০২০ইং তারিখে দিনব্যাপি সেমিনার আয়োজন করা হয়।
০৭	প্রশিক্ষণ: সেবা সহজিকণ	১টি	সেবা সহজিকণ বিষয়ক প্রশিক্ষণ ১৬-১৭ জুন ২০২০ ২দিন ব্যাপি আয়োজন করা হয়।
০৮	প্রশিক্ষণ: উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধি	১টি	উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধি বিষয়ক প্রশিক্ষণ ০৯-১০ জুন ২০২০ ২দিন ব্যাপি আয়োজন করা হয়।

Sukalyan
২৯/০৫/২০২০

সুকল্যান বাছাড়
কিউরেটর



বিজ্ঞান মনস্ক জাতি গঠনে প্রতিশ্রুতিবদ্ধ
জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
Website: www.nmst.gov.bd



স্মারক নং: ৩৯.০৩.০০০০.০০৫.০৬.০০৬.১৭- ৩৪০৭

তারিখ: ০৫ জৈষ্ঠ ১৪২৭
১৯ মে ২০২০

২০১৯-২০ অর্থবছরে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের ইনোভেশন কার্যক্রমের আওতায় সেবা সহজিকরন বিষয়ক প্রতিবেদন:

তথ্য অনুসন্ধান সংক্রান্ত সেবা 'ডিজিটাল ইনফরমেশন ডেস্ক (DID)' স্থাপনের মাধ্যমে সহজলভ্য করা হয়েছে। এর ফলে জাদুঘরে আগত দর্শনার্থীরা খুব সহজেই জাদুঘর সম্পর্কিত সাধারণ তথ্যাবলী অনুসন্ধান করতে সক্ষম। এ যন্ত্র পরিচালনার জন্য কোন পরিচালনাকারীর প্রয়োজন নেই। আধুনিক তথ্য প্রযুক্তির যুগে এ সংযোজন সেবা সহজিকরনে বিশেষ ভূমিকা রাখতে পারবে। দুটি টাচ স্ক্রিন কিয়স্কের মাধ্যমে ডেভেলপ করা কাস্টমাইজড সফটওয়্যারের মাধ্যমে এ সেবা দেওয়া হয়। ২-৫ মিনিট সময়ের মধ্যে তথ্য এখান থেকে পাওয়া যাবে। পূর্বে একসাথে সব তথ্য পেতে যে সময় লাগত তা ডিজিটাল ইনফরমেশন ডেস্ক স্থাপনের মাধ্যমে কমানো সম্ভব হয়েছে।

Sukalyan
৩১/০৫/২০২০

(সুকল্যান বাছাড়)
কিউরেটর